গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
৩৪২/১ সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
(অস্থায়ী কার্যালয়)

নথি নং-৫(১৩)১২৫/কাস-বন্ড/লাইঃ/২০১৯ | 11) 04 (2-28) তারিখ: ১১ /১০/২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ **বিদ্যমান বন্ড লাইসেন্স " প্রচ্ছন্ন রপ্তানির" পাশাপাশি প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য "সরাসরি রপ্তানির" রপ্তানির অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ মেসার্স নেক্সাস মাল্টি প্যাক এর ০৫/১০/২০২৩ খ্রি: তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স নেক্সাস মাল্টি প্যাক [ঠিকানা: ৪১১-৪১২ (থানা রোড), ধউর, নিশাতনগর, তুরাগ, ঢাকা (বন্ড লাইসেন্স নং-১৩০৫/কাস-পিবিডব্লিউ/২০১৯, তারিখ: ০১/১২/২০১৯ খ্রি:), ই-বিন নং-০০১৯৩২৪৪৬-০১০২] নামীয় প্রতিষ্ঠানটি প্রচ্ছন্ন রপ্তানির পাশাপাশি সরাসরি রপ্তানির আবেদন করেন। তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে এতদ্‌বিষয়ে বলবৎ আইনকানুন ও সংশ্লিষ্ট বিধি বিধান, আদেশ নির্দেশ এবং কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর সাধারণ আদেশ নং-০১/২০১১, তারিখ: ০৫/১০/২০১১ খ্রি: এর আলোকে বিদ্যমান বন্ড লাইসেন্স " প্রচ্ছন্ন রপ্তানির" পাশাপাশি প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য " সরাসরি রপ্তানির" রপ্তানিকারক হিসাবে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অনুমতি প্রদান করা হলো :

**শর্তসমূহ**

(১) বিদ্যমান লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে বিনিয়োগ বোর্ড ও সংশ্লিষ্ট অনুমোদিত এ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে) এর সুপারিশ "সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক" প্রতিষ্ঠান মর্মে উল্লেখ থাকতে হবে, এবং বিদ্যমান বন্ড লাইসেন্সের পরিপন্থিতি পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশনের সুপারিশ এবং বিনিয়োগ বোর্ড হতে সংশোধনী গ্রহণ করে এ দপ্তরে দাখিল করতে হবে এবং লাইসেন্সে "সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক" উল্লেখ করতে হবে;

(২) বিনিয়োগ বোর্ডের সুপারিশের ভিত্তিতে উভয়বিধ কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত সকল উপকরণ ও উৎপাদিত পণ্যের বিবরণ ও এইচ.এস. কোড বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করে নিতে হবে;

(৩) উপকরণের বার্ষিক আমদানি প্রাপ্যতা ঘোষিত মেশিনের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুসরণে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের অনুকূলে জারীকৃত শুল্ক রেয়াত ও প্রত্যপন পরিদপ্তরের (DEDO) সহগ অনুযায়ী নির্ধারণ করা হবে;

(৪) আমদানিকৃত বা সংগৃহীত সকল উপকরণ বন্ড গুদামে গুদামজাতপূর্বক সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তার তত্ত্বাবধানে বন্ড রেজিষ্টারে ইন্টুবন্ড করতে হবে এবং ইউপির বিপরীতে ব্যবহৃত কাঁচামালের বন্ড রেজিষ্টারে এক্স বন্ড করতে হবে;

(৫) "সরাসরি ও প্রচ্ছন্ন" উভয় রপ্তানির ক্ষেত্রে ইউপি গ্রহণ বাধ্যতামূলক। শুল্ক রেয়াত ও প্রত্যপন পরিদপ্তরের (DEDO) অনুমোদিত সহগ ব্যতীত প্রচ্ছন্ন রপ্তানির জন্য ইউপি ইস্যু করা হবে না;

(৬) সকল কার্যক্রম সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা কর্তৃক প্রতিবছর নিরীক্ষা করা হবে এবং নিরীক্ষার ভিত্তিতে বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হবে। প্রয়োজনে প্রযোজ্য ক্ষেত্রে আনুপাতিক হারে সাময়িক আমদানি প্রাপ্যতা দেয়া হবে।

(৭) সরাসরি রপ্তানির ক্ষেত্রে রপ্তানি এলসি, সেল্‌স কন্ট্রাক ও ইউডি এর ভিত্তিতে উপকরণ আমদানি করা হলে তা পাশবইয়ে এবং বন্ড রেজিষ্টারে এন্টি করতে হবে এবং ইউপির বিপরীতে উপকরণের ব্যবহার নিশ্চিত করে বন্ড রেজিষ্টার ও পাশবইয়ে এন্টি করে এক্স বন্ডের মাধ্যমে রপ্তানি নিশ্চিত করতে হবে;

(৮) নতুন বন্ড লাইসেন্স ইস্যু সংক্রান্ত রেজিষ্টার ও কম্পিউটার ডাটাবেইজে বন্ড লাইসেন্স নম্বরের সঙ্গে এসবিডব্লিউ ও পিবিডব্লিউ উল্লেখ করতে হবে। বিদ্যমান লাইসেন্সের ক্ষেত্রে অনুরুপ সংশোধনী লিপিবদ্ধ করতে হবে;

(৯) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি-১২ মোতাবেক যুগপৎ প্রচ্ছন্ন ও সরাসরি প্রতিষ্ঠান হিসাবে ০২ (দুই) কোটি টাকার জেনারেল বন্ড দাখিল করতে হবে।

(১০) উল্লিখিত শর্তাবলী লংঘন বা কোন ধরণের অসঙ্গতি পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।

(১১) উপরোক্ত শর্তাবলীর পাশাপাশি সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানির জন্য দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর বিধানবলি, সংশ্লিষ্ট বিধি-এসআরও-আদেশ-নির্দেশসমূহ প্রযোজ্য হবে;

o/c (স্বাক্ষরিত) 11.10.2023

[ কাজিয়া সুলতানা ]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে।

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স নেক্সাস মাল্টি প্যাক
৪১১-৪১২ (থানা রোড), ধউর, নিশাতনগর, তুরাগ, ঢাকা।

নথি নং-৫(১৩)১২৫/কাস-বন্ড/লাইঃ/২০১৯ | 11) 04 (2-28) তারিখ: ১১ /১০/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১-৬. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি (কমলাপুর) ঢাকা /পানগাঁও, কেরানীগঞ্জ,ঢাকা।
৭. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৮. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেবেল-১৪, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৯. মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিবি ভবন, ১৬০/এ, ভিআইপি রোড, কাকরাইল, ঢাকা।
১০. মহা-পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যপর্ন অধিদপ্তর, ৩২ তোপখানা রোড, (৬ষ্ঠ ও ৭ম তলা), চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা-১০০০।
১১. মহা-পরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭, বড় মগবাজার, লক্ষীপুর হাউস, ঢাকা-১২১৭।
১২. পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লটঃ ই-৬/বি, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
১৩. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১, কাওরানবাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা।
১৪-১৯. উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড, সাভার, ঢাকা/আদমজী ইপিজেড,আদমজী নগর, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ/সিইপিজেড, চট্টগ্রাম /কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ/উত্তরা ইপিজেড, নীলফামারী।
২০. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১১-১১৩, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।
২১. সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা । তাঁকে বিষয়টি এ দপ্তরের কম্পিউটার সিস্টেমে upload করার জন্য অনুরোধ করা হলো।
২২. সভাপতি, বিপিজিএমইএ, পল্টন টাওয়ার, ৬০৩, ৬০৪, ৮৭ পুরানা পল্টন লাইন, (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০।
২৩. ব্যবস্থাপক, এক্সিম ব্যাংক লিঃ, সি-সেইল টাওয়ার, প্লট নং-১১৩/বি, রোড: ৭, সেক্টর-৪, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০।
২৪. পি.এ. টু কমিশনার ঢাকা (উত্তর), ঢাকা কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য )।

o/c (স্বাক্ষরিত) 11.10.2023

[ কাজিয়া সুলতানা ]
উপ-কমিশনার

(স্বাক্ষরিত) ১১/১০/২৩
সমাপ্তী রায় চৌধুরী
সহকারী রাজস্ব কর্মকর্তা
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।